

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ : ২৫ অক্টোবর, ২০২৩ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৫/১০/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ রোজ বুধবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মোঃ আব্দুস সোবহান এর নেতৃত্বে 'সাউদিয়া বেকারি এন্ড কনফেকশনারি' এবং 'শম্পা দধি ভান্ডার' শেরপুর, বগুড়া-তে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।


অভিযানের শুরুতে সাউদিয়া বেকারি এন্ড কনফেকশনারি এর কারখানায় পরিদর্শনকালে উৎপাদনস্থলে যথাযথ লেবেলবিহীন সেমাই, তেল, বানানা ফ্লেভার, লবন মজুদ ও ব্যবহার করে খাদ্যদ্রব্য উৎপাদন করতে দেখা যায়। রান্নাঘরে যথাযথ লেবেলবিহীন বেশকিছু খাদ্যদ্রব্য মজুদ করতে দেখা যায়।

পরবর্তীতে 'শম্পা দধি ভান্ডার' এর কারখানায় পরিদর্শনকালে অত্যন্ত নোংরা ও অপরিষ্কার অবস্থায় কারখানা পরিচালনা। যথাযথভাবে লেবেল সংযোজন ব্যতিরেকে মিষ্টি, গুড় ও বিভিন্ন খাদ্যদ্রব্য মজুদ করতে দেখা যায়।

এসকল অপরাধে নিরাপদ খাদ্য আইন অনুযায়ী উক্ত দুটি প্রতিষ্ঠানকে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা করে মোট ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা অর্থদণ্ড প্রদান করা হয় এবং তা আদায় করা হয়।

অভিযান পরিচালনাকালে "সাউদিয়া বেকারি এন্ড কনফেকশনারি এবং শম্পা দধি ভান্ডার" কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়।

অভিযানকালে জনাব মোঃ রাসেল, নিরাপদ খাদ্য অফিসার, বগুড়া; মোঃ আসলাম উদ্দিন, মনিটরিং অফিসার; জনাব রাম চন্দ্র সাহা, নিরাপদ খাদ্য পরিদর্শক, বগুড়া সদর; জনাব তাহমিনা আক্তার, নিরাপদ খাদ্য পরিদর্শক, শেরপুর, বগুড়া ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং বগুড়া জেলা পুলিশ সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।


২৫/১০/২০২৩

(মোঃ আখতার মামুন)
অতিরিক্ত পরিচালক
প্রয়োগ অনুবিভাগ

ই-মেইল: adddirector.enforcement@bfsa.gov.bd

ফোনঃ ০২-২২২২২২৩৬০১

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।